

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৬৭

আগরতলা, ২৭ মে, ২০২৬

ঈদ উল জোহা (বকরিদ)
উপলক্ষ্যে রাজ্যপালের শুভেচ্ছা

ঈদ উল জোহা (বকরিদ) উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, ‘ঈদ উল জোহা (বকরিদ) হচ্ছে আনুগত্য ও ত্যাগের উৎসব। এটি ইসলামের অন্যতম পবিত্র উৎসব এবং বিশ্বজুড়ে উদযাপিত দুটি ইসলামিক উৎসবের মধ্যে দ্বিতীয়। এই দিনটি মুসলমানদের জন্য হজ সম্পন্ন হওয়ারও প্রতীক। ঈদ উল জোহার একটি অন্যতম প্রধান ভিত্তি হলো কোরবানি। যার অর্থ উৎসর্গ। এদিন মুসলিম সম্প্রদায়ের মানুষ নতুন পোশাক পরে মসজিদে গিয়ে প্রার্থনা করেন এবং শান্তি ও সমৃদ্ধি কামনা করেন। এই উৎসব রাজ্যের মানুষের মধ্যে আনন্দ, ভালোবাসা, সুখ, শান্তি, সমৃদ্ধি এবং ভ্রাতৃত্ববোধ বয়ে আনুক।’
